

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
আমার বাড়ি আমার খামার প্রকল্প  
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০  
www.ebek-rdcd.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০০১.২০.২৭

তারিখ: ৩০ পৌষ ১৪২৬

১৪ জানুয়ারি ২০২০

বিষয়: প্রকল্পের চাকুরি হতে সাময়িক বরখাস্তকরণ প্রসঙ্গে।

জনাব মো: আরিফুল ইসলাম, মাঠসহকারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, দোহার, ঢাকা -এর দায়িত্বপ্রাপ্ত ইউনিয়নের বিভিন্ন সমিতির সদস্যদের নিকট হতে সঞ্চয় ও ঋণের কিস্তিবাদ আদায়কৃত টাকা আত্মসাৎ/হস্তমুজুদ করেছেন মর্মে জেলা সমন্বকারী, ঢাকা লিখিতভাবে প্রকল্প সদর দপ্তরকে অবহিত করেছেন।

২. বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচারণ, আর্থিক অনিয়ম এবং দুর্নীতির শামিল। এহেন অবস্থায় তাকে চাকুরিতে রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে। এ প্রেক্ষিতে তাকে প্রকল্পের চাকুরি হতে সাময়িক বরখাস্ত করা হলো। একইসাথে আত্মসাৎ/ হস্তমুজুদকৃত টাকা আগামী ০৭(সাত) দিনের মধ্যে যথাযথ খাতে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলো।

৩. সরকারি অর্থ আত্মসাতের কারণে কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের শর্তানুযায়ী ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ০৭(সাত) কার্য দিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৪. আত্মসাতকৃত অর্থ আদায়পূর্বক যথাযথ খাতে জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য জেলা সমন্বকারী, ঢাকা এবং উপজেলা নির্বাহী অফিসার, দোহার, ঢাকা-কে অনুরোধ করা হলো। উক্ত অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে অভিযুক্ত জনাব মো: আরিফুল ইসলাম-এর বিরুদ্ধে দুর্নীতি দমন আইনের সংশ্লিষ্ট ধারায় মামলা দায়ের করার অনুমতি প্রদান করা হলো।

১৬-১-২০২০

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-  
rdcd.gov.bd

বিতরণ :

- ১) উপজেলা নির্বাহী অফিসার, দোহার, ঢাকা।
- ২) জেলা সমন্বকারী, ঢাকা।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০০১.২০.২৭/১(৬)

তারিখ: ৩০ পৌষ ১৪২৬

১৪ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, ঢাকা।
- ২) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৩) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দোহার, ঢাকা।
- ৪) উপজেলা সমন্বকারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, দোহার, ঢাকা।

- ৫) জনাব মো: আরিফুল ইসলাম, মাঠসহকারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, দোহার, ঢাকা।  
৬) সংশ্লিষ্ট নথি।



১৬-১-২০২০

আকবর হোসেন  
প্রকল্প পরিচালক